# ধানের শীষে নির্বাচন করার ঘোষণা দিলেন: অ্যাটর্নি জেনারেল




সংগৃহীত ছবি

ঝিনাইদহ-১ (শৈলকূপা) আসনে ধানের শীষ প্রতীকে সংসদ নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণা দিয়েছেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান। তিনি জানান, আগামী ২৮ ডিসেম্বর অ্যাটর্নি জেনারেলের পদ থেকে ফিরে এসে মনোনয়নপত্র জমা দেবেন।

শনিবার (২০ ডিসেম্বর) বিকেলে শৈলকূপা উপজেলা বিএনপির আয়োজনে ইনকিলাব মঞ্চের মুখপাত্র ওসমান হাদির রুহের মাগফেরাত ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় অনুষ্ঠিত দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ ঘোষণা দেন।

অ্যাটর্নি জেনারেল বলেন, এলাকার উন্নয়ন ও সন্ত্রাসমুক্ত শৈলকূপা গড়ার লক্ষ্যে তিনি এমপি হতে চান। ধানের শীষে ভোট দেওয়ার বিষয়ে দলের শীর্ষ নেতৃত্বের নির্দেশনার কথাও জানান তিনি। আগামী ২৮ ডিসেম্বর থেকে দিন-রাত ভোটের মাঠে সক্রিয়ভাবে কাজ করার অঙ্গীকার করেন।

তিনি আরও বলেন, ভোটের লোভ দেখিয়ে ধর্মীয় আবেগকে ব্যবহার করা অনৈতিক ও বিভ্রান্তিকর। নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, মানুষকে এসব ভুল ধারণা থেকে বের করে আনতে বাড়ি বাড়ি গিয়ে সচেতনতা তৈরি করতে হবে।

অনুষ্ঠানে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হুমায়ুন বাবর ফিরোজ, সাংগঠনিক সম্পাদক মুস্তাফিজুর রহমান তুর্কী, সহ-সাধারণ সম্পাদক বাবলু মোল্লাসহ দল ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। পরে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।